

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় ।
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং- ৮০.১১১.১১.০০.০০.০৩.২০১২(অংশ-১)-৬৬

তারিখঃ ১১ মে ২০১৭

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পিটিআই ইন্সট্রাক্টর(সাধারণ ও মুক্তিযোদ্ধা কোটা) (১ম শ্রেণি) এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত ।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নম্বর ৫০০৬/২০১৬ এর মহামান্য আদালতের নির্দেশ মোতাবেক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের পিটিআই ইন্সট্রাক্টর(সাধারণ ও মুক্তিযোদ্ধা কোটা) (১ম শ্রেণি) এর শূন্য পদে নিয়োগের ২৩ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ বিপিএসসি ফরম-৩ জমাদানকারী রেজিঃ নম্বর -০০০৩১৪, ২০০১৭৬, ২০০৩২০ = ৩ জন প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ২৫ মে ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে ।

২. এ পদের প্রার্থীদের আবেদনপত্র অনলাইনে গ্রহণ করা হয়েছে । মৌখিক পরীক্ষার জন্য কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না । প্রিলিমিনারি/লিখিত পরীক্ষার প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে । প্রবেশ পত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন । প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না ।

৩. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি এবং প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সিল-স্বাক্ষরিত) মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরু কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে । মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে পাসপোর্ট সাইজের ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার/প্রশিক্ষণ সনদ, প্রার্থী চাকরিরত হলে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত (সিল স্বাক্ষরিত) ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপিসহ ১(এক)সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে । অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না । মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) প্রার্থীদের জন্য মোবাইল ফোন ও কোন প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ ।

৪. এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে ।

** পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে ।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)